



আজ গান্ধী জয়ন্তী উপলক্ষে “এই যুগ”
দপ্তর ছুটি থাকায়, আগামী কাল ও
অক্টোবর, শনিবার সংবাদপত্র প্রকাশিত
হবেনা, আবারো ৪ অক্টোবর রবিবার
থেকে পুনরায় সংবাদপত্র প্রকাশিত হবে।

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা-4 [PRICE | মূল্য-2]

HOWRAH | হাওড়া • DAILY | দৈনিক • 2 OCTOBER 2026, FRIDAY | ২ অক্টোবর ২০২৬, শুক্রবার • VOLUME | বর্ষ-6 • ISSUE | সংখ্যা-299

সরকারের লক্ষ্য শুধু রাস্তা তৈরি
করা নয়-সেটা হতে হবে টেকসই
এবং দীর্ঘস্থায়ী, জানালেন পুর ও
নগরোন্নয়ন মন্ত্রী অগ্রিমিত্রা পাল

পশ্চিমবঙ্গ রাজ্য পর্যটন দপ্তর ও
ইন্ডিয়ান চেম্বার অফ কমার্সের যৌথ
উদ্যোগে হসপিটালিটি অ্যান্ড
ট্যুরিজম সামিট ২০২৬ কলকাতায়



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,১ অক্টোবর : রাস্তা সংস্কারের কাজ এমনভাবে
করা হবে না ,যাতে কয়েক মাসের মধ্যেই আবার সেই রাস্তার জন্য নতুন করে টেন্ডার
ডাকতে হয় একথা জানালেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্রিমিত্রা পাল । তিনি আরও
বলেন ,“ডিফেক্ট লাইয়াবিলিটি পিরিয়ড (DLP) অনুযায়ী ,নির্ধারিত সময়ের মধ্যে
কাজের কোনও ত্রুটি বা অসম্পূর্ণতা দেখা দিলে সংশ্লিষ্ট ঠিকাদারকেই তা সংশোধনের
দায়িত্ব নিতে হবে। যে ঠিকাদার কাজ করবেন ,তাকে নির্ধারিত গুণমান ও চুক্তির
শর্তাবলি যথাযথভাবে মেনে চলতে হবে এবং কাজের ক্ষেত্রে প্রয়োজনীয় দায়বদ্ধতা
নিশ্চিত করতে হবে।”

নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,১ অক্টোবর : পশ্চিমবঙ্গ রাজ্য পর্যটন দপ্তর
ও ইন্ডিয়ান চেম্বার অফ কমার্স এর যৌথ উদ্যোগে বৃহস্পতিবার কলকাতায় আয়োজিত
হয় হসপিটালিটি অ্যান্ড ট্যুরিজম সামিট ২০২৬। উপস্থিত ছিলেন কেন্দ্রীয় সংস্কৃতি ও
পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিংহ শেখাওয়াত এবং রাজ্যের পর্যটন ও সংসদ বিষয়ক মন্ত্রী ডঃ
শঙ্কর ঘোষ । পর্যটনের উন্নয়ন ও ভাবনা বিষয়ে কেন্দ্রীয় মন্ত্রীর বক্তব্য ছিলো অত্যন্ত
গুরুত্বপূর্ণ। রাজ্যের পর্যটন ও সংসদ বিষয়ক মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ জানান এই সম্মেলনে
পর্যটন শিল্পের উন্নয়ন, বিনিয়োগের সম্ভাবনা এবং আগামী দিনের পর্যটন সম্ভাবনা নিয়ে
গুরুত্বপূর্ণ আলোচনা হয়। পশ্চিমবঙ্গের পর্যটনকে আরও সমৃদ্ধ করে দেশ বিদেশের
পর্যটকদের কাছে বাংলাকে আরও আকর্ষণীয় করে তোলার লক্ষ্যে এই ধরনের
সম্মেলন ও মত বিনিময় অত্যন্ত গুরুত্বপূর্ণ বলেও মন্তব্য করেন পর্যটন
মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ ।



Contact No: 9836753661



Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE

ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL

স্বচ্ছতা হি সেবা অভিযান ২০২৬ উপলক্ষে মালদহ রেল স্টেশনে পরিচ্ছন্নতা অভিযান



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মালদহ ,১ অক্টোবর : স্বচ্ছতা হি সেবা অভিযান ২০২৬ উপলক্ষে বৃহস্পতিবার মালদহ টাউন রেল স্টেশনে অনুষ্ঠিত হলো স্বচ্ছতা শপথ গ্রহন ও পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান। উপস্থিত ছিলেন ইংরেজবাজার এর বিধায়ক অল্লান ভাদুড়ী ও মালদহের বিধায়ক গোপাল চন্দ্র সাহা। কর্মসূচিতে উপস্থিত সকলেই প্রথমে স্বচ্ছতার শপথ গ্রহন করেন পরে রেল স্টেশন চত্বরে সাফাই অভিযান চালান। সাফাই অভিযান চালানোর পাশাপাশি সাধারণ মানুষদের উদ্দেশ্যে পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ে সচেতনতার বার্তা দেওয়া হয়। বিধায়ক গন তাদের বক্তব্যে জানান পরিচ্ছন্নতা কোনও নির্দিষ্ট দিনের গন্ডিতে সীমাবদ্ধ নয়, এটি সকলের সামাজিক দায়িত্ব। নিজেদের চারপাশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে সকলকে আসতে হবে। স্বচ্ছ ভারত সুন্দর ভারত এই স্লোগানকে সামনে রেখেই এদিনের পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মসূচি আয়োজিত হয়।

শামুকতলায় একের পর এক ছিনতাই এর ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১ অক্টোবর : মুখ্যমন্ত্রী আলিপুরদুয়ার শহরে আসছেন আর তার আগেই একের পর এক ছিনতাই এর ঘটনা ঘটছে আলিপুরদুয়ার জেলা জুড়ে। বুধবার রাতে আলিপুরদুয়ার বীরপাড়ায় সোনার গহনার ব্যাগ ছিনতাই করতে গিয়ে তিন রাউন্ড গুলি চালিয়েছেন দুষ্কৃতীরা। বৃহস্পতিবার দিন দুপুরে শামুকতলা পটোতলা এলাকায় মীনাক্ষী দেবনাথ নামে এক মহিলার বাড়িতে ঢুকে দুই দুষ্কৃতী তার গলা থেকে সোনার চেইন ছিনতাই করে নিয়ে পালিয়েছে। ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে শামুকতলা থানা এলাকায়। প্রশ্ন উঠেছে সাধারণ মানুষের নিরাপত্তা নিয়ে। প্রশ্ন উঠেছে পুলিশের ভূমিকা নিয়ে। ওই মহিলার কাছ থেকে জানা গেছে বৃহস্পতিবার দুপুরে তিনি রান্নাঘরে রান্না করছিলেন। সেই সময়ে দুই ব্যক্তি সেলসম্যান পরিচয় দিয়ে বাসন পরিষ্কার করার পাউডার বিক্রি করতে গিয়েছিলেন তার বাড়িতে। রান্নাঘর থেকে তিনি বের হওয়ার পরেই কিছু বুঝে ওঠার আগেই তার গলা থেকে সোনার চেন টান দিয়ে নিয়ে পালিয়ে যায়। মহিলার কাছ থেকে জানা গেছে তারা দুজন ছিলেন। এলাকাবাসীর কাছ থেকে জানা গেছে ওই দুই ব্যক্তি বেশ কয়েক বাড়িতে যায় কিন্তু লোকজন বেশি থাকায় সেই বাড়িগুলোতে তারা বাসন মাজার পাউডার বিক্রি করতে পারেনি। মীনাক্ষী দেবী বাড়িতে একাই ছিলেন আর সেই সুযোগ নিয়েই দুষ্কৃতীরা সোনার গহনা ছিনতাই করে পালিয়ে যায়। যদিও ঘটনা ঘটার পরেই পুলিশ ওই এলাকায় পৌঁছে তল্লাশি শুরু করে। সাদা পোশাকের পুলিশ শামুকতলা থানার বিভিন্ন জায়গায় সিসি ক্যামেরা ফুটেজ খতিয়ে দেখছে। উল্লেখ্য বুধবার পোস্ট অফিসের কর্মী পরিচয় দিয়ে শামুকতলা থানার উত্তর পারকাটা এলাকায় এক বাড়িতে যায়। ওই মহিলার মা গত ১০ বছর আগে মারা গেছেন। কিন্তু পোস্ট অফিসের কর্মী জানিয়েছেন তার মায়ের নামে জমানো টাকা ফেরত পাবেন রেখা দেবী। তার ছবি তুলতে গিয়েই কানে থাকা সোনার রিং খুলে সামনে রাখেন এবং পরবর্তীতে খাওয়ার জল আনতে যার মহিলা এরই মধ্যে পোস্ট অফিসের কর্মী তার সোনার কানের গহনা নিয়ে পালিয়ে যায়। ছিনতাই এর ঘটনা বাড়ছে শামুকতলা থানায় এলাকায়। তবে পুলিশ দুষ্কৃতীদের শনাক্ত করে গ্রেফতার করতে পারবে কিনা বড় প্রশ্ন হয়ে দাঁড়িয়েছে।

মেচপাড়ায় এমজি পার্কের উদ্বোধন, বুদ্ধ ও মহাত্মা গান্ধীর মূর্তি উন্মোচন



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১ অক্টোবর : আলিপুরদুয়ার জেলার কালচিনির মেচপাড়া নম্বর-৮ এলাকায় উদ্বোধন হল মহাত্মা গান্ধী (এমজি) পার্কের। বৃহস্পতিবার পশ্চিমবঙ্গ সরকারের প্রতিমন্ত্রী বিশাল লামার বিশেষ উপস্থিতিতে পার্কটির আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। এদিন পার্কের প্রবেশদ্বারে ফিতে কেটে উদ্বোধন করেন প্রতিমন্ত্রী বিশাল লামা। পরে আয়োজক কমিটির পক্ষ থেকে অতিথিদের খাদ্য পরিষেবা সংবর্ধনা জানানো হয়। অনুষ্ঠানে স্থানীয় স্কুল পড়ুয়ারা স্বাগত নৃত্য পরিবেশন করে। উদ্বোধনী অনুষ্ঠানের পাশাপাশি পার্ক প্রাঙ্গণে স্থাপিত ভগবান বুদ্ধ এবং জাতির জনক মহাত্মা গান্ধীর মূর্তিরও আনুষ্ঠানিকভাবে উন্মোচন করেন প্রতিমন্ত্রী বিশাল লামা। মূর্তি উন্মোচন ঘিরে উপস্থিতদের মধ্যে উৎসাহ দেখা যায়। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে প্রতিমন্ত্রী বিশাল লামা বলেন, ভাটিপাড়া এবং মেচপাড়া নম্বর-৮-এর মাঝে অবস্থিত এই পার্ক আগামী দিনে স্থানীয় বাসিন্দাদের পাশাপাশি পর্যটকদের কাছেও আকর্ষণের কেন্দ্র হয়ে উঠতে পারে। পার্কটির সৌন্দর্যায়ন, সংরক্ষণ ও উন্নয়নের জন্য সকলকে একসঙ্গে কাজ করার আহ্বান জানান তিনি। স্থানীয়দের আশা, এই পার্ক চালু হওয়ায় এলাকায় নতুন একটি বিনোদন ও পর্যটনকেন্দ্র গড়ে উঠবে। একইসঙ্গে বুদ্ধ ও মহাত্মা গান্ধীর মূর্তি স্থাপনের ফলে পার্কটির সামাজিক ও সাংস্কৃতিক গুরুত্বও বৃদ্ধি পাবে।



Contact No: 9836753661 

Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE
ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL

নিখোঁজ এক নাবালিকাকে নিরাপদে উদ্ধার করলো পুলিশ



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,১ অক্টোবর : শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের অধীন ভোরের আলো থানার পুলিশ নিখোঁজ এক নাবালিকাকে নিরাপদে উদ্ধার করে পরিবারের হাতে তুলে দেয়। জানা গেছে ভোরের আলো থানার অন্তর্গত কৃষ্ণনগর কলোনির বাসিন্দা ঐ নাবালিকা সেপ্টেম্বর মাসের পঁচিশ তারিখ সকালে বাড়ির কাউকে কিছু না বলে নিখোঁজ হয়ে যায়। বাড়ির লোকজন সম্ভাব্য সমস্ত জায়গায় খোঁজ খবর করে মেয়েটিকে খুঁজে না পেয়ে সেপ্টেম্বর মাসের উনত্রিশ তারিখ ভোরের আলো থানায় নিখোঁজ এর লিখিত অভিযোগ জানান। অভিযোগ পেয়ে পুলিশ তদন্ত শুরু করে ও বৃহস্পতিবার নাবালিকাকে জলডুমুর পাড়া থেকে নিরাপদে উদ্ধার করে নিয়ে আসে। সমস্ত প্রক্রিয়া সম্পন্ন করে নাবালিকাকে তার পরিবারের হাতে তুলে দেয় পুলিশ।

চা শ্রমিকের বাড়ি পুড়ে ছাই হয়ে গেল



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১ অক্টোবর : চা বাগানে আগুনে শ্রমিকের বাড়ি পুড়ে ছাই, মাথার উপর ছাদ হারিয়ে অসহায় পরিবার হাসিমারার বীচ চা বাগানের টপ লাইন এলাকায় ভয়াবহ অগ্নিকাণ্ডে এক চা শ্রমিক পরিবারের বাড়ি সম্পূর্ণ পুড়ে ছাই হয়ে গেল। আগুনের ঘটনায় বাড়িতে থাকা প্রায় সমস্ত জিনিসপত্রও পুড়ে নষ্ট হয়ে যায়। এই ঘটনায় বর্তমানে মাথার উপর ছাদ হারিয়ে অসহায় অবস্থায় রয়েছে পরিবারটি। জানা গিয়েছে, বীচ চা বাগানের টপ লাইন এলাকার বাসিন্দা বুদ্ধ লামার বাড়ি থেকে হঠাৎ ধোঁয়া বের হতে দেখেন স্থানীয় বাসিন্দারা। কিছু বুঝে ওঠার আগেই আগুন দ্রুত ছড়িয়ে পড়ে এবং মুহূর্তের মধ্যে গোটা বাড়ি আগুনের গ্রাসে চলে যায়। স্থানীয়রা তৎক্ষণাৎ আগুন নেভানোর চেষ্টা শুরু করেন এবং খবর দেওয়া হয় দমকল বিভাগে। স্থানীয়দের প্রাথমিক অনুমান, বাড়িতে জ্বালানো প্রদীপ থেকেই আগুনের সূত্রপাত হয়ে থাকতে পারে। তবে ঠিক কী কারণে আগুন লেগেছে, তা এখনও স্পষ্ট নয়। ঘটনার সময় বুদ্ধ লামার স্ত্রী চা বাগানে কাজে গিয়েছিলেন। সেই সময় ফোনে তিনি জানতে পারেন যে তাঁর বাড়িতে আগুন লেগেছে। অন্যদিকে, বুদ্ধ লামা বর্তমানে কাজের সন্ধানে বাড়ির বাইরে রয়েছেন। আগুন এত দ্রুত ছড়িয়ে পড়ে যে বাড়ির অধিকাংশ জিনিসপত্র বের করে আনার সুযোগই পাওয়া যায়নি। অগ্নিকাণ্ডের খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় দমকল বিভাগের একটি ইঞ্জিন এবং পুলিশ প্রশাসনের কর্মীরা। স্থানীয় বাসিন্দা ও দমকল কর্মীদের প্রচেষ্টায় শেষ পর্যন্ত আগুন নিয়ন্ত্রণে আসে। তবে ততক্ষণে বাড়ি এবং বাড়ির ভিতরে থাকা অধিকাংশ সামগ্রী সম্পূর্ণ পুড়ে যায়।



Contact No: 9836753661



Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE

ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL